www.bengalstudents.com

Bengal Students

# HIGHER SECONDARY EXAMINATION, 2009

বাংলা

‘ক’ ভাষা

( নতুন পাঠক্রম)

সময় : ৩ ঘন্টা ১৫ মিনিট　　　　　　　　　　　　　　পূর্ণমান : ১০০

পরিমিত এবং যাথাযথ উত্তরের জন্য বিশেষ মুল্য দেওয়া হবে ।
বার্ণাশুধি, আপরিচ্ছান্নতা এবং অপরিষ্কার হাস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে ।
ডানদিকে প্রশ্নের পুর্ণামান দেওয়া আছে।

১. কমবেশি ৬টি বাক্যে নীচের যে- কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :　৩x২ = ৬

১.১ “ ধর্মীয় আনুষ্ঠানিকতাই কে হিন্দু আর কে মুসলমান এ বোধটাকে খুব বড়ো করে তোলে ।” - কোন প্রসঙ্গে এই মন্তব্য করা হয়েছে ? এর ফল কী হয়েছে ?　১ + ২

১.২ “মদনের ওপর মাসির বিশ্বাস খাটি ।”– কেন এই বিশ্বাস ? মদন কী করেছে ?　১ + ২

১.৩ “দূষিত শব্দ ‘Noise’ ইংরাজী কথাটার তার্জমা করা যেতে পারে শব্দযন্ত্রণা নাম দিয়ে ।” লেখকের মতানুসারে ‘শব্দযান্ত্রণা’ কথাটির সংজ্ঞা নিরুপণ করো।　৩

২. কমবেশি ১৮টি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

২.১ “নির্ভেজাল মানুষ হোক – এ স্বাভাবিক দাবি কোথাও শোনা যায় না” – ‘মানবতন্ত্র’ প্রবন্ধ অবলম্বনে লেখকের বক্তব্যটি বিশ্লেষণ করো । প্রসঙ্গত কীভাবে ‘নির্ভেজাল মানুষ’ হওয়া যায় বলে লেখক মনে করেছেন, তা আলোচনা করো ।　৪ + ৫

২.২ মহাজনি শোষণ- ব্যবস্থার বিরুদ্ধে গরীব তাঁতী- সমাজের সংগ্রাম লেখক মানিক বন্দ্যোপাধ্যায় ‘শিল্পী’ গল্পে চিত্রিত করেছেন । - আলোচনা করো ।　৯

২.৩ “এই শরীর- যন্ত্রের মাঝারি মাপের অঙ্গ হল শ্রবনযন্ত্র - ” ‘শব্দের আশীর্বাদ, শব্দের অভিশাপ’ প্রবন্ধ আবলম্বনে শ্রবনযন্ত্রের গঠন বর্ণনা করো এবং মানবজীবনে এই যন্ত্রের গুরুত্ব দেখাও ।　৬ + ৩

www.Bengalstudents.com

www.bengalstudents.com

৩. প্রসঙ্গ উল্লেখ করে কমবেশি ১০টি বাক্যে যে- কোনো একটির ব্যাখ্যা লেখো : ৫x১ = ৫

৩.১ "আর দেখা গেছে, অতি সহজে এ বিরোধ হয়ে ওঠে বারুদ ।"

৩.২ "রাতদুপুরে চুপেচুপে তাঁত চালাচ্ছেন, ঘাত শুধু মোদের বেলা ।"

৩.৩ "শব্দের উতসে শব্দ- নিয়ন্ত্রণই সবচেয়ে বেশি কাম্য, সবচেয়ে বেশি ফলপ্রসূ ।"

৪. কমবেশি ৬টি বাক্যে যে- কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৩ x২ = ৬

৪.১ "আজ তার কোনো চিহ্ন নাই" – এখানে কীসের কথা বলা হয়েছে ? আজ তার কোনো চিহ্ন না থাকার কারণ কী ? ২ + ১

৪.২ "মা'র বুক হতে ছেলে কেড়ে খায়" – মা বলতে কাকে বোঝনো হয়েছে ? কারা কীভাবে ছেলে কেড়ে খায় ? ১ + ২

৪.৩ "পোপের ভয়ে দেশান্তরী হয়েছিলেন লিওনার্দো দা ভিঞ্চি" – পোপ কে ? লিওনার্দো দা ভিঞ্চি কেনো দেশান্তরী হয়েছিলেন ? ১ + ২

৫. কমবেশি ১৮টি বাক্যের মধ্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯ x ১ = ৯

৫.১ "রাজছত্র ভেঙে পড়ে, রণডঙ্কা সব্দ নাহি তোলে ;" – 'রাজছত্র ভেঙে পড়ে' বলতে কবি কী বুঝিয়েছেন ? পক্ষান্তরে কাদের জয়যাত্রা অটুট থাকে বলে কবি মনে করেন ? ৪ + ৫

৫.২ প্রচলিত স্বদেশি ভাবনার বিরুদ্ধে কবির যে মনোভাব ব্যক্ত হয়েছে সেটি 'আমার কৈফিয়ত্' কবিতা অবলম্বনে বিশ্লেষণ করো । ৯

৫.৩ "এ বয়স জানে রক্তদানের পুণ্য" – কোন বয়সের কথা বলা হয়েছে ? 'রক্তদানের পুণ্য' কথাটির তাতপর্য বুঝিয়ে দাও । ১ + ৮

৬. প্রসঙ্গ উল্লেখ করে কমবেশি ১০টি বাক্যে যে- কোনো একটির ব্যাখ্যা লেখো : ৫x ১ = ৫

৬.১ 'ওরা চিরকাল
টানে দাঁড়, ধরে থাকে হাল ।'

৬.২ 'এ বয়স নতুন কিছু তো করে ।'

৬.৩ 'রাজনীতির বাদশারা পয়সা দিয়ে তার ইজ্জত কিনে নেয় ।'

৭. কমবেশি ২০টি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০ x ১ = ১০

৭.১ 'এ সোনা আমার – এ কোনোমতেই ফেলিয়া যাইতে পারিব না ।' – কে বলেছে ? 'ফেলিয়া যাইতে পারিব না' বলার কারণ কী ? শেষ বক্তা কী সীদ্ধান্ত নিয়েছিল এবং কেন ? ১ + ২ + ২ + ৫

৭.২ হিন্দুমুসলমানর সংস্কৃতিগত পার্থ্যক্য নয়, এই গল্পে মাথা উচু করে দাঁড়িয়ে থাকে মনুষ্যত্বের নিশান । - 'একটি তুলসিগাছের কাহিনি' গল্পটি অবলম্বন করে উপরের মন্তব্যটি বিশ্লেষণ করো । ১০

৮. কমবেশি ২টি বাক্যে যে- কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১ x ৩ = ৩

৮.১ রবীন্দ্রনাথের দুটি উপন্যাসের নাম লেখো ।

৮.২ 'বীরবলের হালখাতা' গ্রন্থটি কার লেখা ?

৮.৩ মোহিতলাল মজুমদারের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো ।

৮.৪ 'দিবারাত্রির কাব্য' গ্রন্থটির লেখক কে ?

৮.৫ 'পরিচয়'পত্রিকাটির প্রথম প্রকাশ কবে হয়েছিল ?

৮.৬ 'অঙ্গার' ও 'টিনের তলোয়ার' নাটক দুতির রচয়িতা কে ?

৯. কমবেশি ১২টি বাক্যে যে- কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৬ x ২ = ১২

৯.১ রবীদ্রনাথের হাস্যরসাত্মক নাটকগুলির পরিচয় দাও । ৬

৯.২ কাজী নজরুল ইসলামের কাব্যরচনার বিষয়বস্তু ও বিশিষ্টতা সম্পের্কে সংক্ষেপে আলোচনা করো । ৬

৯.৩ উপন্যাস রচনায় বিভুতিভুষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতীত্ব আলোচনা করো । ৬

৯.৪ প্রেমেন্দ্র মিত্র রচিত দুটি ছোটোগল্পের নাম উল্লেখ করে ছোটোগল্প রচনায় তাঁর বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো ৬

১০. উচ্চ মাধ্যমিক শিক্ষা- সংসদের তালিকা অনুসারে যে- কোনো পাঁচটির বাংলা পরিভাষা লেখো : ১ x ৫ = ৫

১০.১ Applied

১০.২ Bacteria

১০.৩ Caution Money

১০.৪ Mobile Phone

১০.৫ Nursing Home

১০.৬ Progress Report

১০.৭ To whom it may concern

১০.৮ Whip

১১. কমবেশি ৫০০ শব্দের মধ্যে যে- কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো: ১৫ x ১ = ১৫

১১.১ বিজ্ঞানের ব্যবহার ও অপব্যবহার ।

১১.২ বেজিং অলিম্পিকে ভারতের সাফল্য ও ব্যর্থতা ।

১১.৩ পরিবেশ রক্ষায় বনসৃজনের ভূমিকা ।

১১.৪ লেখাপড়ার বাইরে ছাত্রছাত্রীদের সামাজিক কর্তব্য ।

www.Bengalstudents.com

www.bengalstudents.com

১১.৫ তোমার জীবনের একটি স্মরণীয় অভিজ্ঞতা ।

১২. কমবেশি ৮টি বাক্যে একটি প্রশ্নের উত্তর দাও : ৪x ১ = ৪

১২.১ নব্য- ভারতীয় আর্যভাষার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

১২.২ উদাহরণসহ মধ্যযুগের বাংলাভাষার চারটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো ।

১৩. কমবেশি ৮টি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ১ = ৪

১৩.১ উদাহরণ সহ বাংলা সাধু গদ্যের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো ।

১৩.২ উদাহরণ দিয়ে বরেন্দ্রী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো ।

১৪. কমবেশি ২টি বাক্যে যে- কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১৪.১ প্রাচীন ভারতীয় আর্যভাষার অন্তগর্ত দুটির ভাষার নাম লেখো ।

১৪.২ সাঁওতালি ভাষা কোন ভাষাবংশের অন্তর্গত ? ওই ভাষাবংশের অপর একটি ভাষার নাম লেখো ।

১৪.৩ বাংলায় প্রচলিত দ্রাবিড় ভাষাজাত দুটি শব্দের উলেখ করো ।

১৪.৪ বাংলার ঝাড়খন্ডি উপভাষা পশ্চিম বাংলার কোন অঞ্চলে প্রচলিত ?

১৫. যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১৫.১ দলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো ।

১৫.২ নিম্নলিখিত উদাহরণটির ছন্দলিপি বা ছন্দলিপি সনক্ষেপে উল্লেখ করো:

এসেছ বন্ধু ? তোমার কথাই জাগছিল ভাই প্রাণে
কালরাতে মোর মই পড়ে গেছে খেতভরা পাকা ধানে
ধান্যের ঘ্রাণে ভরা অঘ্রানে শুভ নবান্ন আজ
পাড়ায় পাড়ায় উঠে উতসব বন্ধ মাঠের কাজ ।